# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 20-03-25** **Time: 7-50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) তাঁর প্রস্তাবিত লন্ডন সফরের আগে বিভিন্ন রকমের কুৎসা ও বাধা সৃষ্টির চেষ্টা চলছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী অভিযোগ করেছেন।

২) বারুইপুরে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর কর্মসূচীতে হামলার অভিযোগকে কেন্দ্র করে রাজ্য বিধানসভার অধিবেশন উত্তপ্ত হয়ে ওঠে।

বিরোধী দলনেতার ওপর গতকালের আক্রমণের নিন্দা করেছেন বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার।

৩) কেন্দ্রীয় সরকারের অর্থনৈতিক বঞ্চনা সত্ত্বেও রাজ্য সরকার আর্থিক শৃঙ্খলা মেনে চলছে বলে অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য্য জানিয়েছেন।

৪) বিশিষ্ট চিকিৎসক ডাক্তার সুবর্ণ গোস্বামীকে দার্জিলিং-এ বদলি করায় চিকিৎসকদের সংগঠন জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টর্স তীব্র নিন্দা করেছে।

৫) রাজবংশী ভাষা একাডেমির নতুন চেয়ারম্যান হলেন হরিহর দাস।

৫) বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বৃদ্ধি ও অনুকুল পরিস্থিতি তৈরি হওয়ায় রাজ্যের প্রায় সব জেলাতেই আজ থেকে ঝড় বৃষ্টির পূর্বাভাস। ইতোমধ্যেই বিভিন্ন জায়গায় ঝড় বৃষ্টির খবর মিলেছে।

৬) কলকাতা নাইট রাইডার্স ও লখনউ সুপার জায়ান্টস এর মধ্যে আগামী ৬ ই এপ্রিল আইপিএলের ম্যাচটি কলকাতার পরিবর্তে গুয়াহাটিতে হবে।

---

তাঁর প্রস্তাবিত লন্ডন সফরের আগে বিভিন্ন রকম কুৎসা ও বাধা সৃষ্টি করার চেষ্টা চলছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন। নবান্নে আজ এক সাংবাদিক বৈঠকে তাঁর সফরের বিস্তারিতসূচি পেশ করে মুখ্যমন্ত্রী কারো নাম না করে বাম,অতি বাম এবং নতুন সম্প্রদায় ভিত্তিক রাজনৈতিক দলকেই এ জন্যে দায়ী করেন। এইসব গোষ্ঠীকে গণ শত্রু হিসেবে উল্লেখ করে তিনি বলেন, এরা হিংসা থেকে তাঁর বিদেশ সফরে বাধার সৃষ্টি করতে চাইছে। চিঠি ও ইমেইল করে আয়োজক বিশ্ববিদ্যালয়ের কাছে তার এবং রাজ্যের নামে কুৎসা ছড়াচ্ছে।

বাইট

তাঁর সফর চলাকালীন বিক্ষোভের নামে বিশৃঙ্খলা তৈরির চেষ্টা করছেন বলে মুখ্যমন্ত্রীর অভিযোগ। তিনি বলেন এই হিংসার কোন ওষুধ নেই মানুষই আগামী দিনে মানুষই এর জবাব দেবে।

একইসঙ্গে মুখ্যমন্ত্রী স্মরণ করিয়ে দেন ভারত সরকারের অনুমতি নিয়েই তিনি যুক্তরাজ্য সফরে যাচ্ছেন। প্রধানমন্ত্রী নীতি আয়োগের বৈঠকে মুখ্যমন্ত্রীদের রাজ্য শিল্প বিনিয়োগের স্বার্থে এ ধরণের সফরে যেতে উৎসাহিত করেছেন।

মুখ্যমন্ত্রী জানান, আগামি ২২শে মার্চ তিনি লন্ডনের উদ্দেশে রওনা হবেন। ২৪ মার্চ থেকে সেখানে তাঁর একাধিক কর্মসূচি রয়েছে। ২৪ তারিখ সেখানকার ভারতীয় হাইকমিশনে অনুষ্ঠানের মুখ্যমন্ত্রী যোগ দেবেন, ২৫ তারিখ বাণিজ্য সম্মেলন, ২৬ তারিখ শিল্প নিয়ে সরকারি স্তরে বৈঠক, ২৭ তারিখ অক্সফোর্ডে ভাষণ দেওয়ার পর ২৮ তারিখ লন্ডন থেকে দেশের উদ্দ্যেশে রওনা দেবেন।

অন্যদিকে বিদেশ সফরে থাকাকালীন রাজ্যের আইনশৃঙ্খলা ও প্রশাসনিক দায় দায়িত্ব সামলানোর জন্য মুখ্যমন্ত্রী একটি মন্ত্রীগোষ্ঠী এবং একটি আধিকারিকদের টাস্ক ফোর্স গঠন করে দেন। চন্দ্রিমা ভট্টাচার্য, শশী পাঁজা, সুজিত বসু, অরূপ বিশ্বাস ও ফিরহাদ হাকিম- এই পাঁচজন মন্ত্রীকে নিয়ে গঠিত মন্ত্রীগোষ্ঠী নিয়মিত নবান্নে বসে সরকারি কাজকর্ম পরিচালনা করবেন। কোন জরুরী পরিস্থিতি বা নীতিগত সিদ্ধান্ত নিতে হলে তাঁরা বিদেশ সফররত মুখ্যমন্ত্রী ও মুখ্য সচিবের সঙ্গেও যোগাযোগ করবেন।

-----------------

সম্প্রতি নরওয়ের হোলবার্গ পুরস্কারে সম্মানিত বিশিষ্ট সাহিত্যিক ও দার্শনিক গায়ত্রী চক্রবর্তী স্পিভ্যাক, তাঁকে শুভেচ্ছাবার্তা পাঠানোয় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে চিঠি দিয়েছেন। মুখ্যমন্ত্রীর ধর্মনিরপেক্ষতার প্রতি সমর্থন জানিয়ে তিনি চিঠিতে বলেন, রাজ্যের গ্রামীণ সমাজে তাঁর দীর্ঘদিনের কাজের কথা মুখ্যমন্ত্রী উল্লেখ করায় তিনি অত্যন্ত আবেগাপ্লুত।

এদিকে, এই চিঠির প্রাপ্তি স্বীকার করে মুখ্যমন্ত্রী জানান, সমাজের পিছিয়ে পরা মানুষের জন্য তাঁর সরকারের কাজের স্বীকৃতি দেওয়ায় তিনি আপ্লুত।

-----------------

বারুইপুরে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর কর্মসূচিতে হামলার অভিযোগকে কেন্দ্র করে রাজ্য বিধানসভার অধিবেশন আজ উত্তপ্ত হয়ে ওঠে। ওই ঘটনায় রাজ্য বিধানসভার অধ্যক্ষ তথা স্থানীয় বিধায়ক বিমান বন্দোপাধ্যায়ের ভূমিকা রয়েছে বলে অভিযোগ তুলে বিজেপি বিধায়করা অধিবেশনের শুরু থেকেই হৈ-হট্টগোল করতে থাকেন। বিধানসভার ভেতরে কালো পতাকা নিয়ে বিক্ষোভ দেখান তাঁরা। পরে ওয়াকআউট করে বাইরেও চলে বিক্ষোভ।

সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বিজেপি পরিষদীয় দলের মুখ্য সচেতক শঙ্কর ঘোষ অভিযোগ করেন, গতকাল বারুইপুরে পুলিশ ও দুষ্কৃতি মিলিতভাবে বিরোধী দলনেতা সহ ৫০ জন বিধায়করে গাড়িতে আক্রমণ হয়। বিধায়কদের প্রাণ যাওয়ার মতো পরিস্থিতি তৈরি হয়েছিল। এই অবস্থায় সাধারণ মানুষের নিরাপত্তা কোথায়, সে প্রশ্নও তোলেন তিনি । অধ্যক্ষ দলের নির্দেশে প্রতি মুহূর্তে তার পদের অবমাননা করছেন। বিজেপি চেয়ারের জন্য মরিয়া বলে, অধ্যক্ষ যে মন্তব্য করেছেন, তার তীব্র সমালোচনা করে শ্রী ঘোষ বলেন, গণতন্ত্রে চেয়ার কিভাবে পাওয়া যায় সেবিষয়টি তার জানা আছে।

------------------

বিজেপি, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর ওপর গতকালের আক্রমণ এবং আজ কোচবিহারের দিনহাটায় দলের বিধায়কদের গাড়ি ভাঙচুরের তীব্র নিন্দা করেছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার আজ এক ফেসবুক বার্তায় অভিযোগ করেন, এরাজ্যে বিরোধী রাজনৈতিক দলের নেতাকর্মীদের শুধু হুমকি দেওয়াই নয়, সরাসরি আক্রমণ করা হচ্ছে। গণতন্ত্র আজ প্রহসনে পরিণত হয়েছে। হিংসা ও ভয় দেখিয়ে বিরোধীদের কণ্ঠরোধ করা হচ্ছে। অথচ পুলিশ সাধারণ মানুষকে রক্ষার পরিবর্তে নীরব দর্শক। রাজ্যের মানুষ এর প্রতিবাদ করবে বলেও সুকান্ত বাবুর দাবি।

এদিকে বিরোধী দলনেতার ওপর আক্রমণের প্রতিবাদে বিজেপি কর্মীরা আজ কলকাতা সহ বিভিন্ন জায়গায় প্রতিবাদ বিক্ষোভে সামিল হন। মধ্য কলকাতার সেন্ট্রাল অ্যাভিনিউতে টায়ার জ্বালিয়ে প্রতিবাদ বিক্ষোবের পাশাপাশি সেখান থেকে বরানগর পর্যন্ত মিছিল করেন তারা। কিন্তু বরানগর স্টেট জেনারেল হাসপাতালের সামনে তৃণমূল কংগ্রেস কর্মীরা, জমায়েত করে পাল্টা স্লোগান দিলে এলাকায় উত্তপ্ত হয়ে ওঠে। পরে অবশ্য পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে।

-----------------

অন্যান্য কয়েকটি জেলা থেকেও বিক্ষোভের খবর মিলেছে।

দক্ষিণ ২৪ পরগণার বারুইপুরে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এবং বিজেপি বিধায়কদের ওপর হামলার প্রতিবাদে আজ ঐ জেলার মথুরাপুরে ঐ দলের পক্ষ থেকে বিক্ষোভ প্রদর্শন করা হয়। এর অঙ্গ হিসাবে কুলপির নিশ্চিন্তপুরে জাতীয় সড়ক অবরোধও করেন দলীয় কর্মী সমর্থকেরা। এতে সামিল হন জেলা সভাপতি নবেন্দু সুন্দর নস্কর।

এছাড়াও পুরুলিয়ার বিভিন্ন জায়গায় বিজেপি বিক্ষোভ প্রদর্শন করে। পুরুলিয়া ট্যাক্সি স্ট্যান্ডে বিক্ষোভ সমাবেশে বিজেপির দলীয় নেতৃত্ব তৃণমূল কংগ্রেসকে সতর্ক করে বলেন, দলীয় নেতাদের উপর আক্রমণ কোনও ভাবেই মেনে নেওয়া হবে না।

পশ্চিম বর্ধমানের কুলটির রানীতলা মোড়ে জি টি রোড অবরোধ করে বিক্ষোভ চলে। পরে পুলিশ গিয়ে অবরোধকারীদের সরিয়ে দেয়।

মুর্শিদাবাদের বহরমপুরে কল্পনা মোড়ে দলের কার্যালয় থেকে মিছিল করে বহরমপুর থানার সামনে যান দলের কর্মী সমর্থকরা।

-----------------

বিজেপির কোচবিহার দক্ষিণের বিধায়ক নিখিল রঞ্জন দে আজ পুরনো একটি মামলায় দিনহাটা মহকুমা আদালতে হাজিরা দিতে এসে তৃণমূল কংগ্রেসের বিক্ষোভের মুখে পড়েন । আদালত থেকে বেরোনোর সময় তার বিরুদ্ধে স্লোগান দেওয়া এবং গাড়ির পেছনের কাঁচ ভেঙে দেওয়া হয় বলে অভিযোগ।

বিজেপি, ঘটনার প্রতিবাদে কোচবিহার শহরের মরা পোড়া চৌপতিতে পথ অবরোধ করে।

------------------

এদিকে তৃণমূল কংগ্রেস, বিরোধীদের ওপর শাসকদলের হামলার অভিযোগ খারিজ করে দিয়েছে। দলের নেতা কুনাল ঘোষ  আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলেন, বিরোধী দলনেতা, রাষ্ট্রপতি শাসন জারির যে দাবি জানিয়েছেন, তা অন্যায় ও উদ্দেশ্য প্রণোদিত। মণিপুরের মত অনেক রাজ্যেই আইনশৃঙ্খলা পরিস্থিতি বিপর্যস্ত, কিন্তু সেখানে রাষ্ট্রপতি শাসনের কোনো কথা উঠছেনা।

------------------

কেন্দ্রীয় সরকারের অর্থনৈতিক বঞ্চনা সত্ত্বেও রাজ্য সরকার আর্থিক শৃঙ্খলা মেনে চলছে বলে অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য জানিয়েছেন। তিনি  আজ বিধানসভায় বলেন, বাম আমলের বিপুল পরিমাণ ঋণ ও সুদের বোঝা ঘাড়ে নিয়েও রাজ্য সরকার সামাজিক প্রকল্পগুলি নিরবচ্ছিন্ন চালিয়ে যাচ্ছে। আমজনতার ওপরেও রাজ্য সরকার কর ও অন্যান্য আর্থিক বোঝা চাপায়নি বলে তার দাবি । বিধানসভায়  আজ ফিসকাল রেসপন্সিবিলিটি অ্যান্ড বাজেট ম্যানেজমেন্ট সংশোধনী বিল এবং দুটি অ্যাপ্রোপ্রিয়েশন বিল পেশ করা হয়।

এই বিলের উপর আলোচনায় তৃণমূল কংগ্রেসের বিধায়ক দেবব্রত মজুমদার বলেন, আর্থিক শৃঙ্খলা মেনে চলার ক্ষেত্রে গোটা দেশের মধ্যে বাংলা তৃতীয় স্থানে রয়েছে। আলোচনার জবাবি ভাষণে অর্থমন্ত্রী জানান, ২০২৯-'৩০ আর্থিক বছর পর্যন্ত ঋণ নেওয়ার পরিমাণ ৩ শতাংশের মধ্যে সীমাবদ্ধ রাখা হচ্ছে। এছাড়াও পঞ্চদশ অর্থ

কমিশনের সুপারিশ অনুযায়ী বিদ্যুৎ ক্ষেত্রের জন্য ০.৫% ঋণ নিতে পারবে রাজ্য। রাজ্য সরকার বাজেটে যেসব প্রতিশ্রুতি দিয়েছে সেগুলি পালন করার জন্য সবাইকে নিয়ে একসঙ্গে কাজ করবে বলে অর্থমন্ত্রী জানিয়েছেন।

প্রধান বিরোধী দল বিজেপি বিধায়করা আলোচনায় ছিলেন না। বিরোধী শূন্য বিধানসভায় ধ্বনি ভোটে এই তিনটি বিল পাস হয়।

------------------

অভয়া আন্দোলনের অন্যতম মুখ ডাক্তার সুবর্ণ গোস্বামীকে দার্জিলিং টিবি হাসপাতালে বদলি করায় ডাক্তারদের মধ্যে তীব্র প্রতিক্রিয়া দেখা দিয়েছে। ডাক্তারদের ৫ টি সংগঠনের যৌথ মঞ্চ Joint Platform of Doctors, West Bengal এই ঘটনার তীব্র নিন্দা করে অবিলম্বে এই আদেশনামা বাতিল করার দাবি জানিয়েছে। JPD এর দুই আহ্বায়ক ডাক্তার পূণ্যব্রত গুণ ও ডাক্তার হীরালাল কোনার আজ এক বিবৃতিতে এই দাবি জানিয়ে এই বদলি চূড়ান্ত প্রতিহিংসার প্রকাশ বলে উল্লেখ করা হয়।

এদিকে, এই বদলির প্রতিবাদে সব স্তরের চিকিৎসক ও অভয়া আন্দোলনের সহযোদ্ধারা আজ বিকেলে স্বাস্থ্যভবন অভিযান করে।

উল্লেখ্য, রাজ্যের স্বাস্থ্য দপ্তর এক বিজ্ঞপ্তিতে পূর্ব বর্ধমানের ডেপুটি সিএমওএইচ 2 ডাক্তার সুবর্ণ গোস্বামীকে দার্জিলিং টিবি হাসপাতালের Superintendent পদে বদলি করে।

------------------

রাজ্য সরকার রাজবংশী ভাষা অ্যাকাডেমির নতুন চেয়ারম্যান পদে হরিহর দাসের নাম ঘোষণা করেছে। কোচবিহার জেলার দু'নম্বর ব্লকের বাসিন্দা, শিক্ষক হরিহর দাস ,

বিজেপির রাজ্যসভার সাংসদ অনন্ত মহারাজের ঘনিষ্ঠ। তিনি গ্রেটার কোচবিহারের নেতা বংশীবদন বর্মনের স্থলাভিষিক্ত হবেন।

-----------------

বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বৃদ্ধি ও অনুকুল পরিস্থিতি তৈরি হওয়ায় রাজ্যের প্রায় সব জেলাতেই আজ থেকে ঝড় বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। ইতোমধ্যেই হাল্কা বৃষ্টির খবর মিলেছে বীরভূম, পুরুলিয়া, পশ্চিম বর্ধমান, ঝাড়গ্রাম ও পশ্চিম মেদিনীপুর থেকে। সেই সঙ্গে বইছে ঝোড়ো হাওয়া। আবহাওয়া দপ্তরের প্রধান সোমনাথ দত্ত আকাশবণীকে জানালেন,

বাইট

এদিকে সমুদ্র উত্তাল থাকায় মৎস্যজীবীদের আজ ও আগামীকাল মাছ ধরতে যেতে নিষেধ করা হয়েছে।

অন্যদিকে, ঝড় বৃষ্টির পূর্বাভাসের মধ্যেই তাপমাত্রাও কিছুটা কমেছে। কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩২ ডিগ্রি সেলসিয়াস, স্বভাবিকের তুলনায় যা দু দশমিক দুই ডিগ্রি কম।

-----------------

কলকাতা নাইট রাইডার্স ও লখনউ সুপার জায়ান্টস এর মধ্যে আগামী ৬ ই এপ্রিল আইপিএলের ম্যাচটি কলকাতার পরিবর্তে হবে গুয়াহাটিতে। ঐ দিন শহরে রামনবমী উদযাপনের জন্য নিরাপত্তায় পুলিশ মোতায়েন থাকবে, ফলে কলকাতায় ম্যাচ হলে পুলিশের তরফে পর্যাপ্ত নিরাপত্তা দেওয়া সম্ভব হবে না এই কারণে ম্যাচ গুয়াহাটিতে

সরানো হয়েছে বলে সিএবি সভাপতি স্নেহাশীষ গাঙ্গুলি সংবাদ সংস্থা পিটিআইকে আজ জানিয়েছেন।

------------------ ----------------